

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৪১৭

পর্ব-২২: পোশাক-পরিচ্ছদ (كتاب اللباس)

পরিচ্ছেদঃ ২. দ্বিতীয় অনুচ্ছেদ - পাদুকা সম্পর্কীয় বর্ণনা

আরবী

وَعَن ابنِ عبَّاسٍ قَالَ: مِنَ السُّنَّةِ إِذَا جَلَسَ الرَّجُلُ أَنْ يَخْلَعَ نَعْلَيْهِ فَيَضَعَهُمَا بِجَنْبِهِ. رَوَاهُ أَبُو دَاوُدَ

বাংলা

88১৭-[১১] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, কেউ যখন বসে, তখন সুন্নাত হলো স্বীয় জুতা খুলে বসবে এবং নিজের এক পার্শ্বে তা রেখে দেবে। (আবূ দাউদ)[1]

ফুটনোট

[1] য'ঈফ: আবূ দাউদ ৪১৩৮, য'ঈফ আল আদাবুল মুফরাদ ১৮৬, শু'আবুল ঈমান ৬২৮০, আল মু'জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১২৭৪৪, আল মু'জামুল আওসাত্ব ৭২২৮।

হাদীসটি য'ঈফ হওয়ার কারণ, এর সনদে আছে "আবূ নাহীক" নামক একজন রাবী। যার আসল নাম পরিচয় জানা যায়নি। আওনুল মা'বৃদ ১১/১৩২ পৃঃ, হাঃ ৪১৩৮।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ "নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম স্বীয় জুতাদ্বয় খুলে তার বামপার্শ্বে রাখতেন" ডান পার্শ্বে রাখতেন না ডান পার্শ্বের সম্মানে। সামনে রাখতেন না কিবলার সম্মানে এবং পিছনে রাখতেন চুরি হয়ে যাওয়ার আশঙ্কায় না। মুল্লা 'আলী কারী (রহিমাহুল্লাহ) অনুরূপ বর্ণনাই করেছেন। ('আওনুল মা'বূদ ৭ম খন্ড, হাঃ ৪১৩৪)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন